দৈনিক ইনকিলাব

তারিখ 28 FEB 2007 পৃষ্ঠা ৫ কলাম ২




এআইইউবি'র ৭ম সমাবর্তনে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের ডিগ্রি প্রদান করেন প্রেসিডেন্ট ইয়াজউদ্দিন আহমেদ

# এআইইউবি'র সমাবর্তনে ভার্সিটিগুলো দক্ষ ও মেধাবী জনশক্তি তৈরীতে ভূমিকা রাখতে পারে : প্রেসিডেন্ট

**প্রেস বিজ্ঞপ্তি :** আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশ (এআইইউবি)-এর ৭ম সমাবর্তন অনুষ্ঠান ২৫ ফেব্রুয়ারী বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হয়। সমাবর্তন অনুষ্ঠানে প্রেসিডেন্ট ও বেসরকারী বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর অধ্যাপক ডঃ ইয়াজউদ্দিন আহম্মেদ সভাপতিত্ব করেন। সমাবর্তন বক্তা হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশের সাবেক প্রধান বিচারপতি ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা বিচারপতি লতিফুর রহমান। সমাবর্তন অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ডঃ এম আসাদুজ্জামান। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন এআইইউবি'র ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ডঃ আনোয়ারুল আবেদীন, ভাইস চ্যান্সেলর ডঃ কারমেন জেড ল্যামাগনা এবং প্রতিষ্ঠাতা ও ভাইস প্রেসিডেন্ট ইশতিয়াক আবেদীন।

প্রেসিডেন্ট তার বক্তব্যে দেশের আর্থ-সামাজিক অবস্থা তুলে ধরেন এবং বিগত বছরগুলোতে যে পরিবর্তন অর্জিত হয়েছে তার ব্যাখ্যা প্রদান করেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়সমূহ উৎকর্ষের কেন্দ্রবিন্দু বিধায় দক্ষ ও মেধাবী জনশক্তি তৈরীর ভূমিকা পালন করতে পারে। তিনি সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে মানসম্মত শিক্ষা প্রদান করার জন্য অনুরোধ জানান। সমাবর্তন বক্তা বিচারপতি লতিফুর রহমান ডিগ্রীপ্রাপ্তদের উদ্দেশ্যে এআইইউবি'র পাঠদানকে যুক্তরাষ্ট্রের শিক্ষার সমতুল্য উল্লেখ করে বলেন, ভবিষ্যতে বাংলাদেশের বেসরকারী বিশ্ববিদ্যালয়সমূহ এ ধরনের শিক্ষা প্রদান অব্যাহত রাখলে আমাদের দেশের লোকজনের মেধা পাচার করার প্রয়োজন হবে না এবং বৈদেশিক মুদ্রারও অপচয় হবে না। বাংলাদেশের বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান ডঃ এম আসাদুজ্জামান বলেন, কিছু কিছু বেসরকারী বিশ্ববিদ্যালয়ের মধ্যে যারা উন্নতমানের শিক্ষা প্রদান করছে তাদের মধ্যে এআইইউবি অন্যতম। তিনি আশা করেন, অন্যান্য বেসরকারী বিশ্ববিদ্যালয়ও নিয়মনীতি মেনে উন্নতমানের শিক্ষা প্রদানে সচেতনতা অবলম্বন করবে।

সমাবর্তন অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ৭৫৩ জন ছাত্রছাত্রীকে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের ডিগ্রী প্রদান করা হয়। এছাড়া মেধাবী ছাত্রছাত্রীদেরকে পদক প্রদান করা হয়। এগুলো হল : চ্যান্সেলর স্বর্ণপদক ৩টি, চেয়ারম্যান পদক ৮টি, ভাইস চ্যান্সেলর পদক ১৪টি, কুম লাউ-ডে ৪টি, মেগনা কুম লাউ-ডে ১৬টি, সুমা কুম লাউ-ডে ৩৫টি।